ভোরের কাগজ

তারিখ ... 30-DEC-2002 ...
পৃষ্ঠা ... কলাম ...

ঢাবি কর্তৃপক্ষের সিদ্ধান্ত

# থার্টিফার্স্ট নাইটে ক্যাম্পাসে তরুণীদের প্রবেশ নিষিদ্ধ

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : থার্টিফার্স্ট নাইটের 'জিরো আওয়ার'-এর ৩ ঘণ্টা আগে প্রথমবারের মতো ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তরুণীদের প্রবেশ নিষিদ্ধ করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের মতে, ক্যাম্পাসে অপ্রীতিকর ঘটনা এড়াতে এ পদক্ষেপ

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ৩

## থার্টিফার্স্ট নাইটে

● শেষের পাতার পর

নেওয়া হয়েছে। এছাড়া আবাসিক ছাত্রী হলগুলোতে ছাত্রীদের ঐ দিন কোনো লেট পারমিশন দেওয়া হবে না। ছাত্র হলগুলোতে রাত ১১টা থেকে ১টা পর্যন্ত অবস্থান করবেন সংশ্লিষ্ট হলগুলোর প্রভোস্ট এবং আবাসিক শিক্ষকবৃন্দ। এসব পদক্ষেপ গ্রহণসহ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ থার্টিফার্স্ট নাইট উপলক্ষে আরো কিছু বিধিনিষেধ আরোপ করেছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, ৩১ ডিসেম্বর সন্ধ্যার পর পরই বিশ্ববিদ্যালয়ের সকল প্রবেশ পথে চেক পোস্ট বসানো হবে। ক্যাম্পাসে রাত ১০টার পর সকল প্রকার গাড়ি প্রবেশ বন্ধ থাকবে।

পার্টিফার্স্ট উপলক্ষে প্রতিটি আবাসিক হলে অতিরিক্ত পুলিশ মোতায়েনসহ ক্যাম্পাসে প্রচুরসংখ্যক পুলিশ মোতায়েন করা হবে।

প্রসঙ্গত, রাজধানীতে ইংরেজি নববর্ষকে স্বাগত জানানোর অন্যতম স্পট ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রতি বছরই প্রচুর ছেলেমেয়ে ভিড় করে থাকে।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এস এম এ ফায়েজের বাসভবনে একটি কন্ট্রোল রুম স্থাপন করা হবে। প্রক্টর এ এস এম আতিকুর রহমানের নেতৃত্বে গঠিত একটি মোবাইল টিম এখানে অবস্থান করবে। সন্ধ্যা থেকেই উপাচার্য একটি মোবাইল টিম নিয়ে ক্যাম্পাসের বিভিন্ন এলাকা প্রত্যক্ষ করবেন।

ছাত্রী হলগুলোর সামনে মহিলা পুলিশসহ অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হবে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিভিন্ন বিধিনিষেধ উপলক্ষে প্রক্টর এ এস এম আতিকুর রহমান বলেন, অপ্রীতিকর কোনো ঘটনা এড়াতে এসব সিদ্ধান্ত বাস্তবায়ন করা হবে।